**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**7 JANUARY 2025** **7:35AM PM IST**

===========================================================================

রাজ্যের মোট ঘরোয়া উৎপাদন ২০১৩-১৪ অর্থ বছরের ২৯ বিলিয়ন ডলার থেকে বৃদ্ধি পেয়ে ২০২৩-২৪ বছরে ৬৮ দশমিক ৭-৮ বিলিয়ন ডলার হয়েছে । মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা গতকাল মুম্বাইতে আয়োজিত একটি রোড শো'তে অংশ নিয়ে একথা জানিয়েছেন । মূখ্যমন্ত্রী জানান যে- এক সময়ের উগ্রপন্থী সমস্যা এবং অশান্তি জর্জরিত আসামে সাম্প্রতিককালে ইতিবাচক পরিবর্তন পরিলক্ষিত হচ্ছে । রোড শো-তে মূখ্যমন্ত্রী আগামী ফেব্রুয়ারী মাসের ২৪ ও ২৫ তারিখ অনুষ্ঠেয় 'এডভান্টেজ আসাম' শীর্ষ সম্মলনের বিষয়ে সবিশেষ তথ্য শিল্পপতিদের সামনে তুলে ধরেন ।

---

কেন্দ্রীয় মৎস্য মন্ত্রী রাজীব রঞ্জন সিং গতকাল গৌহাটীতে আয়োজিত এক বৈঠকে উত্তরপূর্বাঞ্চলের মৎস্য পালন ক্ষেত্রের উন্নয়নের জন্য ৫০ কোটি টাকা ব্যায়ে ৫০ টি প্রকল্পের উদ্বোধন এবং শিলান্যাস করেন ।এই প্রকল্পের অধীনে উত্তরপূর্বাঞ্চলের মৎস্য ক্ষেত্রের পরিকাঠামো উন্নয়ন , উৎপাদন বৃদ্ধি এবং কর্ম সংস্থানের সুযোগ সৃষ্টির প্রয়াস করা হয়েছে ।এই ৫০ টি প্রকল্পের মধ্যে ১২ টি প্রকল্প আসামে

রূপায়ন করা হবে ।এছাড়া মণিপুরে ৭ টি , নাগালেন্ড ও ত্রিপুরায় ৩ টি করে এবং সিকিমে ২৪ টি প্রকল্প রূপায়ন করা হবে ।

---

রাজ্যে শিক্ষার গুণগত  মান উন্নত করার পদক্ষেপ হিসেবে গতকাল থেকে  চলতি বছরের গুণোৎসব শুর  হয়েছে ।  প্রথম পর্যায়ে গতকাল রাজ্যের ১১ টি জেলার ১৬ হাজারেরও বেশী স্কুলকে অন্তর্ভুক্ত করা হয়েছে । গুনোৎসবে আজ  থেকে আগামী ৯ই জানুয়ারী পর্যন্ত বর্হিমূল্যায়ন করা হবে । এবারের গুণোৎসবের প্রথম পর্যায়ে  সরকারী প্রাদেশীকৃত আদর্শ বিদ্যালয় , চা বাগানের আদর্শ বিদ্যালয় , কস্তুরবা গান্ধী বালিকা বিদ্যালয় , নেতাজী সুভাষ চন্দ্র বসু আবাসিক বিদ্যালয় এবং চা বাগান কর্তৃপক্ষ দ্বারা পরিচালিত স্কুলগুলোকে অর্ন্তভুক্ত করা হয়েছে । গুণোৎসবে প্রথম শ্রেণী থেকে নবম শ্রেণী পর্যন্ত মোট ১৪ লক্ষ ১১ হাজার  ৮৭৮ জন শিক্ষার্থীর মূল্যায়ন করা হচ্ছে ।  শ্রীভূমি জেলায়ও গতকাল গুণোৎসবের প্রথম পর্যায়ে স্কুলগুলিতে স্বমূল্যায়ন অনুষ্ঠিত হয়েছে । আজ থেকে তিনদিন বর্হিমূল্যায়ন অনুষ্ঠিত হবে ।
উল্লেখ্য এই গুনোৎসব কার্যসূচী তিনটি পর্য্যায়ে আগামী ৭ই ফেব্রুয়ারী পর্যন্ত  অনুষ্ঠিত হবে ।

---

আসাম কলেজ শিক্ষক সংস্থা রাজ্যের শিক্ষামন্ত্রী ডাঃ রণোজ পেগুর আহ্বানে সাড়া দিয়ে

গুণোৎসবে অংশগ্রহণ করার সিদ্ধান্ত নিয়েছে । গতকাল গুয়াহাটীর পল্টনবাজারে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে সংস্থার সভাপতি জয়ন্ত বরা এবং সাধারণ সম্পাদক পরাগজ্যোতি মহন্ত জানান যে পদোন্নতি সহ অন্য কিছু দাবীর বিষয় মিমাংসা না হওয়ায় কলেজ শিক্ষকরা গুণোৎসব বর্জন করার সিদ্ধান্ত গ্রহণ করেছিলেন । তবে শিক্ষামন্ত্রীর আহ্বান তথা ছাত্র-ছাত্রী ও স্কুল শিক্ষকদের স্বার্থের প্রতি গুরুত্ব আরোপ করে কলেজ শিক্ষকরা একমাসের জন্য তাদের কার্যসূচী স্থগিত রেখেছে বলে সংস্থার পক্ষ থেকে জানানো হয়েছে ।

---

শ্রীভূমি জেলায় আগামী ২৬শে জানুয়ারী অনুষ্ঠেয় সাধারনতন্ত্র দিবসের কার্য্যসূচী নিয়ে আলোচনা করতে আগামীকাল যে প্রস্তুতি সভা অনুষ্ঠিত হওয়ার কথা ছিল ,তা গুনোৎসবের জন্য স্থগিত করা হয়েছে । এই সভা আগামী ১০ই জানুয়ারী অনুষ্ঠিত হবে বলে জানানো হয়েছে ।

---

আজ সকাল ৬টা ৩৫ মিনিটে দিল্লী , পশ্চিম বঙ্গ , বিহার ,সিকিম ও উত্তর প্রদেশে ভূমিকম্প অনুভূত হয়েছে । ভূমিকম্পে রিক্টার স্কেল ছিল ৭ দশমিক ১ মেগনিচুড । ভভূমিকম্পের উতপত্তি স্থল ছিল হিমালয় অঞ্চলের ৯৩ কিলোমিটার দূরে লবুচে অঞ্চলে । ভূমিকম্পে এখনো ক্ষয়ক্ষতির কোন খবর পাওয়া যায় নি ।

---

সারা আসাম জনস্বাস্থ্য ও কারিগরী বিভাগের অস্থায়ী কর্মচারী পরিষদের উদ্যোগে হাইলাকান্দি জেলায় গতকাল জলমিত্র কর্মীরা বিক্ষোভ কার্য্যসূচী পালন করেন । হাইলাকান্দি শহরের জনস্বাস্থ্য ও কারিগরী বিভাগের মূখ্য কার্যালয়ের সামনে আয়োজিত বিক্ষোভ কার্য্যসূচীতে জেলার ৭শ ১৪ জন জলমিত্র কর্মী অংশগ্রহন করেন । বিক্ষোভ কার্য্যসূচীতে অংশ নেওয়া জল মিত্রদের দাবীর মধ্যে রয়েছে -শ্রম  আইনের ভিত্তিতে তাদের ন্যুনতম মাসিক বেতন প্রদান করা , ই পি এফ -এর যোগ্য সুবিধা প্রদান করা , জীবনের সুরক্ষার জন্য উপযুক্ত ব্যবস্থা গ্রহন করা এবং চাকুরী নিয়মিত করে সঠিক বেতন প্রদান করা ।

---

আসাম পুলিশের বিশেষ কর্মবাহিনী বিগত বছরে মাদক দ্রব্য ও দুষ্কৃতকারীদের বিরুদ্ধে অভিযান চালিয়ে প্রচুর পরিমানের মাদকদ্রব্য বাজেয়াপ্ত  করেছে । পুলিশের বিশেষ সঞ্চালক প্রধান হরমিত সিং এবং গুআহাটীর পুলিশ আয়ুক্ত পার্থ সারথি মহন্ত গতকাল আসাম পুলিশের মুখ্য কার্যালয়ে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে একথা জানান ।

---

---